

২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন, ইউএলও, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
সভার তারিখ : ১৪/০৭/২০২২ খ্রি.।
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১০.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট - “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।
সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২- ২৩
এর কার্যক্রম ১.৩ অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা করার বাধ্যবাধকতা রয়েছে। অতঃপর সভায় উপস্থিত
বিভিন্ন সদস্য, অংশীজন সভায় নিম্নোক্ত আলোচনা ও মতামত পেশ করেন।

আলোচনা ১: সুশাসন প্রতিষ্ঠায় করণীয় সম্পর্কে আলোচনা:

সুশাসন প্রতিষ্ঠায় প্রশাসনিক দক্ষতা একটি গুরুত্বপূর্ণ বিষয় তাদের দক্ষতার উপর নির্ভর করে জনগণকে প্রয়োজনীয় সেবা প্রদান করা। তাই দপ্তরের
সকল স্তরের জনবল কে দক্ষতা উন্নয়নের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।

আলোচনা ২: একতাবদ্ধতা

সুশাসন প্রতিষ্ঠায় একতাবদ্ধতা একটি গুরুত্বপূর্ণ নিয়ামক। দপ্তরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীকে একতাবদ্ধতা হয়ে একটি টিমে কাজ করার
মানসিকতা গড়ে তুলতে হবে। তাহলে প্রত্যেক কাজে সফলতা অর্জন করা সম্ভবপর হবে।

আলোচনা ৩ : স্বচ্ছতা ও জবাবদিহিতা

সুশাসন প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। দপ্তরের সকল কাজকর্মে এই দুইটি বিষয় নিশ্চিত করা গেলে সেবাগ্রহীদের নিকট আস্থার
একটি বড় জায়গা তৈরি হবে এবং দপ্তরের ভাবমূর্তি বৃদ্ধি সহ সুনাম অর্জনের সক্ষম হবে। তাই দায়িত্বশীল সকলকে স্বচ্ছতা- জবাবদিহিতা নিয়ে
প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।

আলোচনা ৪ : তথ্যপ্রাপ্তির অধিকার

সুশাসন প্রতিষ্ঠায় আরেকটি গুরুত্বপূর্ণ নিয়ামক। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে তথ্য অধিকার আইন -২০০৯ অনুসারে
তথ্য প্রদান নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচনা ৫ : মাসিক / ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ সম্পর্কিত:

সকল প্রকার মাসিক / ত্রৈমাসিক রিপোর্ট যথা সময় প্রস্তুত এবং প্রেরণ করার জন্য দপ্তরের সংশ্লিষ্ট সকলে যথাযথ কার্যক্রম গ্রহণ করবেন এবং নির্ভুল
তথ্য প্রেরণ নিশ্চিত করবেন।

সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৭/২০২২

ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

তারিখঃ ১৪/০৭/২০২২ খ্রি.

স্মারক নং: ৩৩.০১.১৯৩৩.০০০.০৬.০০৬.২২.১৪৮

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।

০২। সংশ্লিষ্ট নথি।